অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/1/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ঘোষণা করলেন 2024 এ কর্মীদের ক্ষতিপূরণ মূল্যায়ন হার হ্রাস পাবে, যা নিউ ইয়র্কের চাকরিদাতাদের জন্য 50 মিলিয়ন মার্কিন ডলারের বেশি সাশ্রয় সম্ভব করতে পারে

2024 সালে কর্মীদের ক্ষতিপূরণ মূল্যায়ন হার 6 শতাংশ হ্রাস পাবে, যার ফলে স্টেটজুড়ে 400,000 এর বেশি ক্ষুদ্র ব্যবসার ব্যাপক সাশ্রয়ী হবে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে বার্ষিক কর্মীদের ক্ষতিপূরণ মূল্যায়ন হার হ্রাসের কারণে 2024 সালে চাকরিদাতাদের 50 মিলিয়ন মার্কিন ডলারের বেশি সাশ্রয় হবে বলে আশা করা যাচ্ছে, হার আজকে নির্ধারিত হয়েছে এবং তা 1 জানুয়ারি, 2024 থেকে কার্যকর হবে। চাকরিদাতারা নিউ ইয়র্ক স্টেটের কর্মীদের ক্ষতিপূরণ ব্যবস্থা পরিচালনা করার জন্য একটি বার্ষিক মূল্যায়ন পরিশোধ করে, যা কর্মক্ষেত্রে আহত বা অসুস্থ হওয়া কর্মীদের জন্য অতি গুরুত্বপূর্ণ ভাতা প্রদান করে, এবং সেই সাথে চাকরিদাতাদের ব্যয়বহুল মামলা থেকে রক্ষা করে। অনুমিত সাশ্রয় সকল নিউ ইয়র্ক স্টেট চাকরিদাতার জন্য বর্তমান মূল্যায়ন ব্যয় হ্রাস করবে, যা বিশেষ করে স্টেটের 400,000 এর বেশি ক্ষুদ্র ব্যবসার জন্য লাভজনক হবে।

"নিউ ইয়র্কের চাকরিদাতারা মুদ্রাস্ফীতির ক্রমবর্ধমান ব্যয় নিয়ে সংগ্রাম করছে, তাই মূল্যায়ন হার হ্রাস করার অর্থ হবে ক্ষুদ্র ব্যবসার জন্য অর্থপূর্ণ সাশ্রয় এবং কষ্টার্জিত অর্থ নিউ ইয়র্কবাসীদের কাছেই থাকবে," **গভর্নর হোকল বলেন।** "আমাদের ক্ষুদ্র ব্যবসা সম্প্রদায় অতি গুরুত্বপূর্ণ চাকরি প্রদান করে, আমাদের স্থানীয় অর্থনীতিকে চালনা করে, এবং পুরো স্টেটের এলাকাসমূহকে আরো প্রাণবন্ত ও আরো গতিশীল করে, এবং কর্মীদের ক্ষতিপূরণের অত্যাবশ্যকীয় ভাতা বহাল রেখে ব্যবসা প্রতিষ্ঠানের ব্যয় হ্রাস করার মাধ্যমে নিউ ইয়র্ককে দেশের একটি ব্যবসাবান্ধব ও কর্মীবান্ধব স্টেটে পরিণত করতে আমার প্রশাসন প্রতিশ্রুতিবদ্ধ।"

প্রতি বছর 1 নভেম্বরের মধ্যে নিউ ইয়র্ক স্টেট কর্মীদের ক্ষতিপূরণ বোর্ড (New York State Workers' Compensation Board) সকল চাকরিদাতার জন্য একটি মূল্যায়ন হার নির্ধারণ করে, যা পরবর্তী ক্যালেন্ডার বছরের 1 জানুয়ারির মধ্যে কার্যকর হয়। 2024 সালে এই হার হবে স্ট্যান্ডার্ড প্রিমিয়াম বা প্রিমিয়াম সমতুলের 9.2 শতাংশ, যা 2023 সালের থেকে 6 শতাংশ কম, এর ফলে নিউ ইয়র্ক স্টেটের ব্যবসাসমূহ আনুমানিক 53 মিলিয়ন মার্কিন ডলার সাশ্রয় করবে বলে অনুমান করা যাচ্ছে।

কর্মী ক্ষতিপূরণ বোর্ডের প্রধান ক্ল্যারিসা রড্রিগেজ বলেন, "নিউ ইয়র্কের ব্যবসাসমূহ এবং তাদের কর্মীদের সমর্থন করার ব্যাপারে গভর্নরের সাথে থাকতে পেরে বোর্ড গর্বিত। চাকরিদাতাদের জন্য অপেক্ষাকৃত কম ব্যয়ের আজকের ঘোষণা, এবং কর্মীদের জন্য সর্বনিম্ন ভাতার পরিমাণ বৃদ্ধি করে সাম্প্রতিক ঘোষণা দ্বারা আমরা কর্মীদের জন্য আরো উত্তম এবং ব্যবসার জন্য আরো উত্তম একটি কর্মীদের ক্ষতিপূরণ ব্যবস্থা তৈরিতে ক্রমশ অগ্রগতি করছি।"

কর্মীদের ক্ষতিপূরণ বোর্ডের চাহিদা এবং বাজেটের স্টেটব্যাপী প্রিমিয়াম অনুযায়ী মূল্যায়নের হার নির্ধারিত হয়। বোর্ডের মোট অনুমিত বার্ষিক ব্যয়কে একটি মোট অনুমিত স্টেটব্যাপী প্রিমিয়ামের ভিত্তি দ্বারা ভাগ করার মাধ্যমে হার হিসাব করা হয়। বীমা প্রদানকারীদেরকে তাদের প্রিমিয়াম বা প্রিমিয়াম সমতুলে মূল্যায়ন হার প্রয়োগ করতে হয়।

2024 মূল্যায়ন হার সম্পর্কে আরো তথ্য, এবং চাকরিদাতাদের জন্য কর্মীদের ক্ষতিপূরণ সম্পর্কিত আরো তথ্য wcb.ny.gov এ, নিউ ইয়র্ক স্টেট কর্মীদের ক্ষতিপূরণ বোর্ডের ওয়েবসাইটে পাওয়া যাবে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন